**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়’র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ২৪/২০১৭-১৮**

**ঢাকা, বুধবার ২ আগস্ট ২০১৭, ১৮ শ্রাবণ ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। চার স্থলবন্দরের নিরাপত্তা ব্যবস্থাসহ একনেকে ৮ প্রকল্প অনুমোদন

২। স্বাধীনতার চেতনাকে নস্যাৎ করার জন্যই ১৫ আগস্টের হত্যাকাণ্ড : প্রধানমন্ত্রী

৩। নৌ ও স্থলবন্দরগুলো ব্যবসাবান্ধব করতে সব ব্যবস্থা নেওয়া হবে : অর্থমন্ত্রী

৪। ডিজিটাল বাণিজ্য সুবিধা গ্রহণে সংশ্লিষ্ট সবাইকে তৈরি হতে হবে : বাণিজ্যমন্ত্রী

৫। সমন্বয়ের মাধ্যমে নগরীর পানিবদ্ধতা নিরসন করতে হবে : স্থানীয় সরকার মন্ত্রী

৬। ফাঁসির দণ্ডপ্রাপ্ত নূর চৌধুরীকে দেশে আনতে কানাডার সঙ্গে আলোচনা চলছে : আইনমন্ত্রী

৭। ডিজিটাল গণশুনানির আওতায় ৩৬ হাজার শিক্ষাপ্রতিষ্ঠান

৮। নভোথিয়েটারে বঙ্গবন্ধুর ঐতিহাসিক জীবনী নিয়ে মাসব্যাপী ডিজিটাল ফিল্ম প্রদর্শনীর উদ্বোধন করলেন বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী

৯। বিসিএস পরীক্ষায় মুক্তিযুদ্ধের ওপর ১০০ নম্বরের প্রশ্ন থাকবে : মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী

১০। সুপ্রিম জুডিশিয়াল কাউন্সিল বহাল : সংবিধানের ষোড়শ সংশোধনী বাতিলের পূর্ণাঙ্গ রায় প্রকাশ

চলমান পাতা-২

**১।	চার স্থলবন্দরের নিরাপত্তা ব্যবস্থাসহ একনেকে ৮ প্রকল্প অনুমোদন**

চার স্থলবন্দর ভোমরা, শেওলা, রামগড় এবং বেনাপোল স্থলবন্দরের নিরাপত্তা ব্যবস্থাসহ ৮ প্রকল্প অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)। এসব প্রকল্প বাস্তবায়নে মোট ব্যয় ধরা হয়েছে ৩ হাজার ১৭১ কোটি ৯৬ লাখ টাকা। এর মধ্যে সরকারি তহবিল থেকে ২ হাজার ৫৭৯ কোটি ৪০ লাখ টাকা এবং বৈদেশিক সহায়তা থেকে ৫৯২ কোটি ৫৬ লাখ টাকা জোগান দেওয়া হবে। গতকাল ১ আগস্ট মঙ্গলবার রাজধানীর শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। এতে সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপারসন শেখ হাসিনা। বৈঠক শেষে ব্রিফ করেন পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **ইত্তেফাক** (পৃ.২,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.২)।

**২।	স্বাধীনতার চেতনাকে নস্যাৎ করার জন্যই ১৫ আগস্টের হত্যাকাণ্ড : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, মুক্তিযুদ্ধের বিজয় এবং স্বাধীনতার চেতনাকে নস্যাৎ করার জন্যই ১৫ আগস্টের নৃশংস হত্যাকাণ্ড ঘটানো হয়েছে। শুধু একটি পরিবারকেই হত্যার উদ্দেশ্য ছিল না, হত্যাকারীদের উদ্দেশ্য ছিল বাঙালি জাতির বিজয়কে নস্যাৎ করা এবং যে আদর্শ নিয়ে বাংলাদেশ স্বাধীন হয়েছিল তা ভূলুণ্ঠিত করা। গতকাল ১ আগস্ট মঙ্গলবার ধানমণ্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গণে জাতীয় শোক দিবস উপলক্ষে বাংলাদেশ কৃষক লীগ আয়োজিত স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি এবং আলোচনা সভায় প্রধান অতিথির ভাষণে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.১), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.২), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.২)।

**৩।	নৌ ও স্থলবন্দরগুলো ব্যবসাবান্ধব করতে সব ব্যবস্থা নেওয়া হবে : অর্থমন্ত্রী**

দেশের নৌ ও স্থলবন্দরগুলো ব্যবসাবান্ধব করতে সপ্তাহে ৭ দিন ২৪ ঘন্টা বন্দর খোলা রাখার বিষয়ে প্রধানমন্ত্রীর নির্দেশনা কার্যকর করতে সব ধরনের পদক্ষেপ নেওয়ার আশ্বাস দিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। একই সঙ্গে নির্দেশনা বাস্তবায়নে তিনটি কমিটি গঠন করা হয়েছে বলে জানান তিনি। সচিবালয়ে অর্থ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে চট্টগ্রাম বন্দর ও স্থলবন্দর সপ্তাহের ৭ দিন ২৪ ঘন্টা খোলা রাখার জন্য সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের কার্যক্রম সমন্বয় সংক্রান্ত এক বৈঠকে তিনি এ আশ্বাস দেন। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.৩), **ডেইলি স্টার** বিজনেস পাতা (পৃ.১,ক.১)।

**৪।	ডিজিটাল বাণিজ্য সুবিধা গ্রহণে সংশ্লিষ্ট সবাইকে তৈরি হতে হবে : বাণিজ্যমন্ত্রী**

প্রতিযোগিতামূলক বিশ্ববাণিজ্যে নিজেদের অগ্রযাত্রা অব্যাহত রাখতে ডিজিটাল বাণিজ্য পদ্ধতিতে সক্ষমতা অর্জন করতে হবে বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। তিনি বলেন, বিশ্ববাণিজ্য যখন ডিজিটাল পদ্ধতিতে দ্রুত এগিয়ে যাচ্ছে, তখন আমাদের পিছিয়ে থাকার সুযোগ নেই। পেপারলেস বাণিজ্যে সময়, শ্রম ও ব্যয় হ্রাস পাবে এবং কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হবে। বাংলাদেশ আগামী ২০২১ সালের মধ্যে ৬০

বিলিয়ন মার্কিন ডলার রপ্তানির লক্ষ্যমাত্রা নিয়ে এগিয়ে যাচ্ছে। সার্ভিস সেক্টর বাদে গত বছর প্রায় ৩৪ দশমিক ৬৬ বিলিয়ন মার্কিন ডলার রপ্তানি করেছে। এ বছর ৩৭ দশমিক ৫ বিলিয়ন মার্কিন ডলার রপ্তানির লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। গতকাল ১ আগস্ট মঙ্গলবার সিরডাপ মিলনায়তনে বাংলাদেশ ফরেন ট্রেড ইনস্টিটিউট (বিএফটিআই) আয়োজিত "ক্রস বর্ডার পেপারলেস ট্রেড ফেসিলিটেশন ইন বাংলাদেশ" শীর্ষক ওয়ার্কশপে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.২), **ইনকিলাব** (পৃ.৩,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.২)।

### ৫। সমন্বয়ের মাধ্যমে নগরীর পানিবদ্ধতা নিরসন করতে হবে : স্থানীয় সরকার মন্ত্রী

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী খন্দকার মোশাররফ হোসেন বলেছেন, ঢাকা, চট্টগ্রাম ও নারায়ণগঞ্জ দেশের সবচেয়ে গুরুত্বপূর্ণ নগরী। দেশের প্রায় ৬০ শতাংশ অর্থনীতি এই তিন নগরীর উপর নির্ভরশীল। সাম্প্রতিক জলাবদ্ধতা এ নগরীগুলোর জীবনযাত্রাকে ব্যাহত করেছে। জলাবদ্ধতা দূরীকরণে সংশ্লিষ্ট সেবা সংস্থাগুলোকে পারস্পরিক দোষারোপ বন্ধ করে সমন্বয়ের মাধ্যমে কাজ করে সমাধান বের করতে হবে। গতকাল ১ আগস্ট মঙ্গলবার সচিবালয়ে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সম্মেলন কক্ষে বর্ষা মৌসুমে ঢাকা, নারায়ণগঞ্জ এবং চট্টগ্রাম মহানগরীসহ সংশ্লিষ্ট এলাকাসমূহে সৃষ্ট জলাবদ্ধতা নিরসনকল্পে এক সভায় সভাপতিত্বকালে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ইনকিলাব** (পৃ.৩,ক.৪), **ভোরের কাগজ** (পৃ.১,ক.৬), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.১), **অবজারভার** (পৃ.৩,ক.২)।

### ৬। ফাঁসির দণ্ডপ্রাপ্ত নূর চৌধুরীকে দেশে আনতে কানাডার সঙ্গে আলোচনা চলছে : আইনমন্ত্রী

কানাডায় থাকা বঙ্গবন্ধুর আত্মস্বীকৃত খুনি ও ফাঁসির দণ্ডপ্রাপ্ত আসামি নূর চৌধুরীকে দেশে ফিরিয়ে আনার বিষয়ে বাংলাদেশ সরকার কানাডা সরকারের সঙ্গে আলোচনা করছে বলে জানিয়েছেন আইনমন্ত্রী আনিসুল হক। সচিবালয়ে মন্ত্রণালয়ের সভাকক্ষে গতকাল ১ আগস্ট মঙ্গলবার বাংলাদেশে নিযুক্ত কানাডার রাষ্ট্রদূত পিয়েরে লারামি আইনমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করেন। সাক্ষাৎ শেষে মন্ত্রী এ তথ্য জানান। সূত্র-**যুগান্তর** (পৃ.১৬,ক.৬), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.৮)।

### ৭। ডিজিটাল গণশুনানির আওতায় ৩৬ হাজার শিক্ষাপ্রতিষ্ঠান

দেশের ৩৬ হাজার শিক্ষাপ্রতিষ্ঠানকে অনলাইন গণশুনানির আওতায় আনা হচ্ছে। শিক্ষা মন্ত্রণালয়ের অধীন পরিদর্শন ও নিরীক্ষা অধিদফতর (ডিআইএ) এ উদ্যোগ বাস্তবায়ন করছে। এর মাধ্যমে শিক্ষাপ্রতিষ্ঠানের একাডেমিক, আর্থিক ও প্রশাসনিক স্বচ্ছতা এবং জবাবদিহিতা বাড়বে বলে সংশ্লিষ্টরা মনে করছেন। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ আজ ২ আগস্ট বুধবার দেশের ১১টি জেলায় ১১০ টি শিক্ষা প্রতিষ্ঠানে ভিডিও কনফারেন্সের মাধ্যমে গণশুনানির উদ্বোধন করবেন। এছাড়া মন্ত্রী ডিআইএ ই-ফাইলিং ও ১১টি জায়গায় গণশুনানি কার্যক্রমের উদ্বোধন হচ্ছে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **সমকাল** (পৃ.২,ক.৬)।

**৮। নভোথিয়েটারে বঙ্গবন্ধুর ঐতিহাসিক জীবনী নিয়ে মাসব্যাপী ডিজিটাল ফিল্ম প্রদর্শনীর উদ্বোধন করলেন বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী**

বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান বলেছেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক জীবন ও স্বাধীনতা সংগ্রামের গৌরবোজ্জ্বল ভূমিকার ওপর নির্মিত ডিজিটাল ফিল্ম প্রদর্শনের মাধ্যমে তরুণ প্রজন্ম ও শিক্ষার্থীরা বঙ্গবন্ধুর জীবনাদর্শ সম্পর্কে জানতে পারবে। তিনি তরুণ প্রজন্ম ও শিক্ষার্থীদের বঙ্গবন্ধুর জীবনাদর্শ অনুসরণ করে সোনার বাংলা গড়ার কাজে এগিয়ে আসার আহ্বান জানান। গতকাল **১** আগস্ট মঙ্গলবার বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার প্লানেটরিয়ামে বঙ্গবন্ধুর ঐতিহাসিক জীবন ও স্বাধীনতা সংগ্রামের গৌরবোজ্জ্বল ভূমিকার ওপর নির্মিত ডিজিটাল ফিল্ম এবং প্লানেটরিয়ামের (মহাকাশ বিষয়ক) প্রদর্শনী শিক্ষার্থীদের জন্য আগস্ট মাসব্যাপী বিনামূল্যে প্রদর্শন কর্মসূচির উদ্বোধনকালে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৪)।

**৯। বিসিএস পরীক্ষায় মুক্তিযুদ্ধের ওপর ১০০ নম্বরের প্রশ্ন থাকবে : মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী**

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আ. ক. ম. মোজাম্মেল হক বলেছেন, দুই লাখ টাকা ব্যয়ে মুক্তিযোদ্ধাদের কবর একই নকশায় বাঁধানোর উদ্যোগ নেওয়া হয়েছে। যাতে একশ' বছর পরেও মানুষ চিনতে পারে এটা মুক্তিযোদ্ধার কবর। গতকাল **১** আগস্ট মঙ্গলবার নড়াইলের মুক্তিযোদ্ধা কমপ্লেক্স উদ্বোধনকালে মন্ত্রী এ কথা বলেন। মন্ত্রী আরো বলেন, আগামীতে মুক্তিযোদ্ধাদের ভাতা ঘরে ঘরে পৌঁছে দেওয়া হবে। এছাড়া অসচ্ছল মুক্তিযোদ্ধাদের জন্য প্রতিটি জেলা-উপজেলায় শীঘ্রই বহুতল আবাসিক ভবন নির্মাণ করা হবে। এখন থেকে বিসিএস পরীক্ষায় মুক্তিযুদ্ধের ওপর **১০০** নম্বরের প্রশ্ন থাকবে। শিক্ষার্থীদের মধ্যে মুক্তিযুদ্ধের চেতনা ছড়িয়ে দিতে এই উদ্যোগ নেওয়া হয়েছে। সূত্র-**ইনকিলাব** (পৃ.৪,ক.৬)।

**১০। সুপ্রিম জুডিশিয়াল কাউন্সিল বহাল : সংবিধানের ষোড়শ সংশোধনী বাতিলের পূর্ণাঙ্গ রায় প্রকাশ**

বিচারপতিদের অপসারণ সংক্রান্ত সংবিধানের ষোড়শ সংশোধনী অবৈধ ঘোষণা করে দেওয়া হাইকোর্টের রায় বহাল রেখে আপিল বিভাগের পূর্ণাঙ্গ রায় প্রকাশ করা হয়েছে। রায় প্রদানকারী প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহাসহ ৭ বিচারপতির স্বাক্ষরের পর গতকাল **১** আগস্ট মঙ্গলবার ৭৯৯ পৃষ্ঠার পূর্ণাঙ্গ রায় প্রকাশ করা হয়। রায়ে বিচারপতিদের অপসারণে সুপ্রিম জুডিশিয়াল কাউন্সিল বিধান বহাল রাখা হয়েছে। এ ছাড়া রায়ের পর্যবেক্ষণে বিচার-কর্মবিভাগে নিযুক্ত ব্যক্তিদের এবং বিচার বিভাগীয় দায়িত্ব পালনরত ম্যাজিস্ট্রেটদের নিয়ন্ত্রণ ও শৃঙ্খলাবিধানে সংবিধানের **১১৬** অনুচ্ছেদে দেওয়া রাষ্ট্রপতির ক্ষমতা সংবিধানের পরিপন্থী হিসেবে উল্লেখ করা হয়। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.২), **ইনকিলাব** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.২)।

## সম্পাদকীয়

ক. **সংবাদ :** নদী রক্ষা কমিশনকে নদীর স্বার্থে অবৈধ দখল ও পুনঃদখল রোধ, নদীর পানি দূষণমুক্ত রাখা, বিলুপ্ত ও মৃতপ্রায় নদী খনন, নদী রক্ষায় স্বল্প ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের নির্বাহী ক্ষমতা দেওয়ার সুপারিশ।

খ. **ইত্তেফাক :** ঢাকায় অবিস্থত ৯৬ শতাংশ বিপণি বিতান ও বিভিন্ন ব্যাংকের ৯৪ শতাংশ শাখা অফিসেরই অগ্নিঝুঁকি মোকাবিলার সক্ষমতা না থাকার বিষয়টি উল্লেখ করে উপুর্যপুরি তাগাদা সত্ত্বেও যেসকল মার্কেট, স্থাপনা এবং বহুতল ভবনে পর্যাপ্ত অগ্নিনির্বাপক ব্যবস্থা রাখা নেই তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

গ. **যুগান্তর :** সবজির মধ্যে মাত্রাতিরিক্ত কীটনাশক এবং বিভিন্ন ধরনের তেল ও লাচ্ছা সেমাইয়ে জনস্বাস্থ্য ইনস্টিটিউটের ভেজাল পাওয়ার খবরে উদ্বেগ প্রকাশ করে এসব জনস্বাস্থ্যের জন্য মারাত্মক ক্ষতিকর হওয়ায় এব্যাপারে যথাযথ পদক্ষেপ দেওয়ার সুপারিশ।

ঘ. **ইনকিলাব :** পাটের অর্থনৈতিক সম্ভাবনা বাস্তবায়ন করতে পাটের ন্যায্যমূল্য নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ।

ঙ. **ইন্ডিপেনডেন্ট :** রাজধানীর ইউনাইটেড হসপিটাল কার্ডিয়াক সেন্টারে হার্ট ওপেন না করে প্রথমবারের মতো হার্টের ট্রান্স-ক্যাথেটার আর্টিক ভাল্ব ইমপ্লান্ট (টিএভিআই) হওয়ার সাফল্য তুলে ধরে রাজধানী ছাড়াও বিভাগে ও জেলা শহরে পর্যাপ্ত সুবিধাসহ হৃদরোগ হাসপাতাল স্থাপনের আহ্বান।

ছ. **ডেইলি সান :** ১৯১০ সালের পর দেশের বিদ্যুৎ স্থাপনা সুরক্ষায় কঠোর বিধান সংযুক্ত করে 'বিদ্যুৎ আইন ২০১৭' মন্ত্রিসভায় অনুমোদন হওয়ায় এ আইনের প্রভাবে রাজনৈতিক সহিংসতা থেকে বিদ্যুৎ স্থাপনাগুলো সুরক্ষা পাবে বলে প্রত্যাশা।

জ. **ডেইলি স্টার :** নতুন করে ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার (আইএসপি) স্থাপনার জন্য ১ লাখ টাকার স্থলে ২৫ লাখ টাকা ফি প্রদানে বিটিআরসি'র প্রস্তাবনা পুনর্বিবেচনা করার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

## উপ-সম্পাদকীয়

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, সামাজিকভাবে ঋণ খেলাপিদের বিরুদ্ধে ব্যাপক আন্দোলন গড়ে তুলতে হবে।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'সৃজনশীল প্রশ্নের উপযোগিতা নিয়ে প্রশ্ন'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, শিক্ষার প্রকৃত উদ্দেশ্য উপলব্ধি করে শিক্ষা ব্যবস্থায় যৌক্তিক পরিবর্তনের মাধ্যমে সঠিক জ্ঞানসম্পন্ন বিশ্ব নাগরিক সৃষ্টি করাই হোক আমাদের ধ্যান, জ্ঞান ও সাধনা।

#

ডালিয়া/ফাহিমা/মরজিনা/সাঈদা/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা